হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 17 AUGUST 2025 , SUNDAY | ১৭ আগস্ট ২০২৫ , রবিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-365

দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

কবিতা / গল্প

নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

## বর্ষায় ক্ষতিগ্রস্ত দশ নম্বর জাতীয় সড়ক পরিদর্শনে সাংসদ রাজু বিস্ত



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৬ আগস্ট : বর্ষায় ক্ষতিগ্রস্ত সিকিম বাংলা যোগাযোগ এর লাইফলাইন দশ নম্বর জাতীয় সড়ক পরিদর্শন করলেন দার্জিলিং এর সাংসদ রাজু বিস্ত। শনিবার তিনি এই সড়ক পরিদর্শনে আসেন। কয়েকদিনের প্রবল বৃষ্টিতে কালিম্পংএর নিকটে শ্বেতিঝোড়া, লিকুভির,মল্লি প্রভৃতি এলাকায় ধসে ক্ষতিগ্রস্ত হয়েছে এই সড়ক , কোথাও কোথাও সড়কের চিহ্নমাত্র নেই , সড়ক ধসে বিলীন হয়েছে তিস্তানদীর গর্ভে। দশ নম্বর জাতীয় সড়ক ধরে সিকিম যাতায়াত বন্ধ রয়েছে। জরুরী ভিত্তিতে ছোট গাড়ি চলাচলের জন্য পাহাড় কেটে অস্থায়ী রাস্তা করা হয়েছে। বড় গাড়িগুলি ঘুরপথে সিকিম যাচ্ছে। সাংসদ এদিন পরিদর্শন শেষে জানান প্রতি বছর বর্ষায় এই সড়ক ক্ষতিগ্রস্ত হয়। পি ডাবলিউ ডি রক্ষনাবেক্ষনের দায়িত্বে থাকলেও দীর্ঘমেয়াদি রক্ষনাবেক্ষন সেভাবে হয়নি। এই রাস্তা বন্ধ থাকায় এলাকার ব্যবসা বানিজ্যের পাশাপাশি নিত্য যাত্রীরা ক্ষতির সম্মুখীন হয়েছেন। এই সমস্যার স্থায়ী সমাধান প্রয়োজন। স্থায়ী সমাধান এর জন্য।ন্যাশনাল হাইওয়ে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট লিমিটেড, এন এইচ পি সি, ও জাতীয় সড়ক কর্তৃপক্ষ কে যৌথভাবে কাজ করতে হবে। তিনি এই তিন সংস্থার সাথে কথা বলবেন ও আশা প্রকাশ করেন দ্রুত এই জাতীয় সড়কের কাজ শুরু করা সম্ভব হবে।

## গ্রামের বাসিন্দাদের অভিযোগ শুনলেন বনমন্ত্রী



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ আগস্ট : প্রত্যন্ত গ্রাম।রাস্তাঘাট নেই।নেই বিদ্যুৎ। অভাব অভিযোগ নিত্যদিনের ঘটনা।আর এই প্রত্যন্ত গ্রামে এসে অভাব অভিযোগের কথা শুনলেন বনমন্ত্রী বীরবাহা হাঁসদা।গ্রামের অভাব অভিযোগ শুনে সামান্য হলেও গ্রামবাসীদের আশ্বাস দিয়েছেন।এমনকি সব করবেন মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রীর কোর্টে বল ঠেলে দিয়েছেন মন্ত্রী বীরবাহা হাঁসদা।এদিন আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের প্রত্যন্ত গ্রাম মাঝেরডাবড়ীতে যান।মন্ত্রী।কথা বলেন গ্রামবাসীদের সঙ্গে। এদিন ওখানে আমাদের পাড়া আমাদের সমাধান কর্মসূচি তে যান মন্ত্রী বীরবাহা হাঁসদা। এদিন তাঁকে ঘিরে আলিপুরদুয়ারের ছোট বড় মাঝারী নেতা কর্মীরা।মন্ত্রী বীরবাহা হাঁসদা বলেন,এই কর্মসূচি মুখ্যমন্ত্রী নিয়েছেন।খুব ভালো কর্মসূচি। গ্রামের অভাব অভিযোগ দূর হচ্ছে।এটা জঙ্গল এলাকা।জঙ্গলে বন্যপ্রানী বাড়ছে।হাতি বাড়ছে।এজন্য সাধারন মানুষকে তিনি সচেতন হওয়ার বার্তা দেন।তিনি বলেন, আমরা চাই জঙ্গলে বন্যপ্রানীরা ভালো থাকুক ও মানুষজন ও ভালো থাকুক।

## আমাদের পাড়া আমাদের সমাধান শিবিরে উপস্থিত বন মন্ত্রী, শুনলেন এলাকাবাসীর কথা



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৬ আগস্ট : আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের ভল্কা দুই নম্বর গ্রাম পঞ্চায়েতের ভল্কা উচ্চ বিদ্যালয়ে শনিবার আয়োজিত আমাদের পাড়া আমাদের সমাধান শিবিরে উপস্থিত ছিলেন রাজ্যের বনমন্ত্রী বীরবাহা হাঁসদা। এদিন তিনি শিবিরে উপস্থিত থেকে এলাকাবাসীর বিভিন্ন সমস্যার কথা শনেন ও সেগুলি লিপিবদ্ধ করেন। তিনি জানান শিবিরে উপস্থিত থেকে তিনি এলাকাবাসীর বিভিন্ন সমস্যার কথা শোনেন এবং এলাকাবাসীকে আশ্বস্ত করেন তাদের সমস্যাগুলির সমাধান ক্রমান্বয়ে হবে। উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার জেলা পরিষদের সভাধিপতি স্নিগ্ধা শৈব, আলিপুরদুয়ার এর জেলাশাসক আর বিমলা, কুমারগ্রামের বিডিও রজত কুমার বলিদা সহ জেলা ও ব্লক প্রশাসনের আধিকারিকগন সহ নির্বাচিত জনপ্রতিনিধিগন।

## বাড়ির উঠোনের মাটি খুঁড়ে উদ্ধার দুশো পয়ষট্টি কেজি গাঁজা,পলাতক বাড়ির মালিক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ১৬ আগস্ট : কোচবিহার জেলা পুলিশের দিনহাটা থানার পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে শুক্রবার গভীর রাতে পেটলা গ্রাম পঞ্চায়েতের রাজাখোড়া গ্রামের একটি বাড়িতে অভিযান চালায়। অভিযানে বাড়ির উঠোনের মাটি খুঁড়ে উদ্ধার হয় বস্তা বন্দী দুশো পয়ষট্টি কেজি গাঁজা। দিনহাটা থানার আই সি জয়দীপ মোদক জানান তাদের কাছে খবর ছিলো এলাকায় দীর্ঘদিন ধরে মাদকের ব্যবসা চলছে। এই খবরের ভিত্তিতে অভিযান চালানো হয়। অভিযানের আঁচ পেয়ে বাড়ির মালিক পালিয়ে যান ফলে তাকে গ্রেপ্তার করা যায়নি। এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে গাঁজা উদ্ধার ও বাজেয়াপ্ত পর্বটি সম্পন্ন করা হয়েছে। এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করে পলাতক বাড়ির মালিক এর সন্ধানে তল্লাশী শুরু করেছে পুলিশ।

# মেচবিলে দুটি ট্রাকের মুখোমুখি সংঘর্ষ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ আগস্ট : শনিবার আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের মেজবিলে মুখোমুখী ধাক্কা লাগল দুটি ট্রাকের। এমনটাই জানা গেছে এলাকার বাসিন্দাদের কাছ থেকে শনিবার বিকেল পাঁচটা নাগাদ। একটি ছিল বড় পণ্যবাহী ট্রাক,আরেকটি ছিল ছোট ট্রাক। স্থানীয় সূত্রে জানা গেল,বড় ট্রাকটি ফালাকাটা থেকে ঘাটপাড়ের দিকে যাচ্ছিল। আর ছোট ট্রাকটি ঘাটপাড় থেকে ফালাকাটার দিকে আসছিল। মেজবিলে একটি গাড়িকে ওভারটেক করতে গিয়ে ছোট ট্রাকটি বড় ট্রাকটিকে সজোরে ধাক্কা মারে। বিকট শব্দ শুনে দৌড়ে আসেন স্থানীয় বাসিন্দারা। ছোট ট্রাকটির সামনের অংশ দুমড়ে মুচড়ে যায়। বড় ট্রাকটিরও কিছুটা ক্ষতি হয়। তবে নিজের ভুল বুঝতে পেরে দুর্ঘটনার পরেই ছোট ট্রাকের চালক পালিয়ে যান।

# মাধ্যমিক পরীক্ষার্থীর মৃত্যুতে শোকের ছায়া টটপাড়ায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১৬ আগস্ট: ভয়াবহ দুর্ঘটনায় প্রাণ গেল আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের টটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েতের টটপাড়া চড়াইমহল এলাকার মাধ্যমিক পরীক্ষার্থী বিশাল বিশ্বাসের। শুক্রবার বিকেল সাড়ে চারটা নাগাদ মৃতদেহ পুলিশ হেফাজতে নেয় শামুকতলা থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে ৩১ নম্বর জাতীয় সড়কের চেপানী হল্ট সংলগ্ন এলাকায় স্কুটিতে থাকা চার নাবালক বাড়ি ফেরার পথে ডাম্পারের সঙ্গে সংঘর্ষ হয়। স্কুটির পেছনে বসে থাকা বিশাল বিশ্বাস জাতীয় সড়কেই পড়ে থাকে। দুর্ঘটনার খবর শামুকতলা রোড ফাঁড়ির পুলিশের কাছে আসার পরেই পুলিশ তৎক্ষণাৎ গিয়ে চারজনকে উদ্ধার করে যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে নিয়ে আসে। চিকিৎসক বিশাল বিশ্বাসকে মৃত বলে ঘোষণা করে। অপর তিনজন গুরুতর জখম অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। জানা গেছে একই স্কুটিতে চার জন ছিলেন। তাদের বাড়ি টটপাড়া চড়াই মহল এলাকায়। বিশাল এবার মাধ্যমিক পরীক্ষা দিত যশোডাঙ্গা হাই স্কুল থেকে। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে চারজনই যশোডাঙ্গা হাইস্কুলের ছাত্র ছিল এদের মধ্যে স্কুটি চালক একাদশ শ্রেণীতে পড়ে। বাকি তিনজন মাধ্যমিক পরীক্ষার্থী। বিশালের দুর্ঘটনার খবর পাওয়ার পরেই হাসপাতালে উপচে পড়ে ভিড় আমজনতার শেষবারের মতো পাড়ার ছেলেকে দেখার জন্য। শামুকতলা রোড ফাঁড়ির ওসি জানিয়েছেন দুর্ঘটনা গ্রস্ত গাড়িটিকে আটক করা হয়েছে। গাড়ির মালিকের বিরুদ্ধে মামলা শুরু করা হবে। মৃতদেহ শামুকতলা থানায় পুলিশ হেফাজতের রাখা হয়েছে। শনিবার মৃতদেহ ময়নাতদন্ত করে তার পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। অন্যদিকে এদিন বিশালের মৃত্যুর খবর পাওয়ার পরেই তার আত্মীয়-স্বজন সহ নিকট জনেরা হাসপাতালে ভিড় জমান। রীতিমতো পুলিশকে হিমশিম খেতে হয়েছে। উল্লেখ্য বিশালের বাবা গাড়ি চালান ভিন রাজ্যে। পরিবারে বিশালের মা-বাবার সহ তার এক ছোট বোন ছিল। তার মৃত্যুতে শোকস্তব্ধ হয়ে গেছে এলাকা বাসী।

# উৎসর্গ কর্মসূচি অনুসারে স্বেচ্ছা রক্তদান শিবির




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ১৬ আগস্ট : কোচবিহার জেলা পুলিশের পুন্ডিবাড়ি থানার উদ্যোগে শনিবার থানা চত্বরে আয়োজিত হয় উৎসর্গ কর্মসূচি অনুসারে স্বেচ্ছা রক্তদান শিবির। এদি শিবিরের উদ্বোধন করেন জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য। উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার শ্রীকৃষ্ণগোপাল মীনা সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন। এদিনের শিবিরে এলাকার সাধারন মানুষ ও পুলিশ কর্মীরা মিলে বিরাশি ইউনিট রক্ত দান করেন। জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য জানান রক্তের সঙ্কট দূরীকরনে জেলা পুলিশের উদ্যোগ প্রশংসনীয়। প্রতি মাসেই জেলার কোনো না কোনো থানা অথবা ট্রাফিক গার্ডের উদ্যোগে আয়োজিত হচ্ছে রক্তদান শিবির। এদিনের শিবির ও এই উদ্যোগের অঙ্গ।

EiYUG
NEWSPAPER PUBLISHING HOUSE

GRAPHIC DESIGN WORK
* NEWSPAPER
* MAGAZINE
* ALL PAGE
* BOOK
* VISITING CARD
* INVITE CARD
* CARD
* FLEX
* POSTER
* CARTOON
* LOGO

PUBLISHING WORK
NEWSPAPER ✻ MAGAZINE ✻ BOOK

For Work
CONTACT NO: 9836753622
Email: eiyugnewspaperpublishinghouse@gmail.com

# স্কুলের গেটে ধাক্কা মেরে উলটে গেলো চার চাকার ছোট গাড়ি, প্রাণে বাঁচলো তিন কিশোর



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি : শুক্রবার সকালে শিলিগুড়ির প্রধাননগর থানা এলাকার মিলন মোড়ের যদুভিটায় একটি স্কুলের গেটে ধাক্কা মেরে উলটে যায় ছোট চার চাকার গাড়ি। জানা গেছে এদিন একটি কার ওয়াশিং সেন্টারের কর্মী সতেরো বছর বয়সী এক কিশোর তার দুই সঙ্গীকে সাথে নিয়ে ঐ গাড়িটি চড়ে ঘুরতে বেরোয়। গাড়ির গতি নিয়ন্ত্রন করতে না পারায় গাড়িটি স্কুল গেটে ধাক্কা মারে ও উলটে যায়। শব্দ শুনে স্থানীয় বাসিন্দারা ছুটে আসেন ও তিন কিশোরকে উলটে যাওয়া গাড়ি থেকে উদ্ধার করেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায় ও তিন কিশোর সহ গাড়ির চালককে আটক করে গাড়ীটি উদ্ধার করে থানায় নিয়ে আসে।ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# কার্গিল বিজয় দিবসের পঁচিশ বছর পূর্তিতে শহীদ সুরেশ ছেত্রীর পূর্ণাবয়ব মূর্তির উন্মোচন



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি : কার্গিল বিজয় দিবসের পঁচিশ বছর পূর্তিতে শুক্রবার স্বাধীনতা দিবসের দিন শিলিগুড়ির অদুরে নক্সালবাড়িতে এশিয়ান হাইওয়ের সাতভাইয়া এলাকায় শহীদ সুরেশ ছেত্রীর পূর্ণাবয়ব মূর্তির উন্মোচন হলো। মূর্তির উন্মোচন করেন বেংডুবি সেনা শিবিরের মেজর জেনারেল জয়প্রকাশ সিং, শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি অরুন ঘোষ। জানা গেছে ১৯৯৯ সালের জুলাই মাসের সাত তারিখ সুরেশ ছেত্রী কারগিলে শহীদ হন। তারপর এখানে শহীদের মূর্তিস্থাপন করা হয়। এদিন সেই মূর্তিটির শহীদ পরিবারের পক্ষ থেকে সংস্কার করে উন্মোচন করা হয়। সেনা আধিকারিক, সেনা কর্মী, নির্বাচিত জন প্রতিনিধিরা এদিন শহীদ সুরেশ ছেত্রীর মূর্তিতে শ্রদ্ধা নিবেদন করেন। অনুষ্ঠানে এলাকার বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের ট্রাই সাইকেল, হুইল চেয়ার প্রদান করা হয়। শহীদ সুরেশ ছেত্রীর ছেলে জানান কার্গিল বিজয় দিবসের পঁচিশ বছর ও শহিদ স্মারকের পঁচিশ বছর পূর্তিতে এই কর্মসূচি।

EiYUG
NEWSPAPER PUBLISHING HOUSE
GRAPHIC DESIGN WORK
* NEWSPAPER
* MAGAZINE
* ALL PAGE
* BOOK
* VISITING CARD
* INVITE CARD
* CARD
* FLEX
* POSTER
* CARTOON
* LOGO
For Work
PUBLISHING WORK
NEWSPAPER ✻ MAGAZINE ✻ BOOK
CONTACT NO: 9836753622
Email: eiyugnewspaperpublishinghouse@gmail.com

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |